ঢাকা-চট্টগ্রাম রেলপথ অবরোধ করে বিক্ষোভ, ভোগান্তিতে যাত্রীরা



ছবি: সংগৃহীত

প্রস্তাবিত বরিশল উপজেলায় মাছিহাতা ইউনিয়ন যুক্ত করার পরিকল্পনা বাতিলের দাবিতে ব্রাহ্মণবাড়িয়ায় রেললাইন অবরোধ করেছেন স্থানীয় বাসিন্দারা। মঙ্গলবার (২৪ নভেম্বর) বেলা ১১টার দিকে পাঘাচং রেলওয়ে স্টেশনে শুরু হওয়া অবরোধ চলে দুপুর ১২টা পর্যন্ত। এ সময় ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-সিলেট রুটে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। স্টেশনে আটকা পড়ে মহানগর প্রভাতী ও কালনি এক্সপ্রেস। এতে দুর্ভোগে পড়েন যাত্রীরা।

স্থানীয় বাসিন্দাদের আপত্তির কেন্দ্রে রয়েছে নতুন উপজেলা গঠনের প্রস্তাব। সদর উপজেলার বাসুদেব ইউনিয়নের বরিশল গ্রামকে পৃথক করে ইতিমধ্যে বরিশল নামে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে। এবার সেটিকে উপজেলা করার প্রস্তাব সামনে এসেছে। এর সঙ্গে মাছিহাতা, বাসুদেব ও সুলতানপুর ইউনিয়ন যুক্ত করার পরিকল্পনা করা হয়েছে।

এ পরিকল্পনার বিরোধিতা করে সকালে পাঘাচং রেলওয়ে স্টেশনসংলগ্ন বাজার মাঠে সমাবেশ করেন মাছিহাতা ইউনিয়নের বাসিন্দারা। সেখানে স্থানীয় নেতারা বলেন, জেলা বিএনপির সদস্য কবির আহমেদ ভূঁইয়ার আবেদনের পরিপ্রেক্ষিতে তিনটি ইউনিয়নকে প্রস্তাবিত বরিশল উপজেলার অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। বিষয়টি যাচাইয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ জেলা প্রশাসনকে চিঠি দিয়েছে বলেও তাঁরা জানান।

সমাবেশে জেলা বিএনপির প্রশিক্ষণবিষয়ক সম্পাদক ও পাঘাচং গ্রামের বাসিন্দা নুরুল হুদা সরকার এবং মাছিহাতা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম বক্তব্য দেন। বক্তারা মাছিহাতা ইউনিয়নকে নতুন উপজেলায় যুক্ত করার সিদ্ধান্তের বিরোধিতা করেন। দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণাও দেন তাঁরা।

সমাবেশ শেষে বেলা ১১টার দিকে বিক্ষুব্ধ বাসিন্দারা রেললাইনে অবস্থান নেন। এতে সিলেট থেকে ঢাকাগামী কালনি এক্সপ্রেস ও চট্টগ্রামগামী মহানগর প্রভাতী আটকা পড়ে।

ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খাইরুল আলম বলেন, অবরোধকারীরা রেললাইন ছেড়ে যাওয়ার পর ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।